

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া  
তথ্য ও অভিযোগ শাখা



তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ শাহগীর আলম জেলাপ্রশাসক
সভার তারিখ	১৬ এপ্রিল, ২০২৩
সভার সময়	১১.৪৫ ঘটিকা
স্থান	জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। তথ্য কমিশনের নির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারগণ এবং দপ্তর প্রধানগণকে তাদের নিজ নিজ ওয়েবসাইটে তথ্যসমূহ হালনাগাদ করার অনুরোধ করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	আপীল কর্তৃপক্ষ, তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট সকল দপ্তরে অবহিতকরণ	সকল সরকারি দপ্তর, এনজিও প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আপীল কর্তৃপক্ষ, তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা মনোনয়নপূর্বক সংশ্লিষ্ট সকলকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটি; উপজেলা কমিটি, এনজিও প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ
০২.	কর্মচারীদের জন্য ৬০ ঘন্টা প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ প্রদান	জেলাপ্রশাসকের কার্যালয়ের কর্মচারীদের জন্য বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণের আওতায় "তথ্য অধিকার আইন-২০০৯" ও তথ্য অধিকার সংশ্লিষ্ট বিধি বিধান বিষয়ক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটি
০৩.	জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটি এবং বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটি
০৪.	তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটির কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান	তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী উপজেলা কমিটি কর্তৃক নিয়মিত সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী তথ্য কমিশনসহ অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটি
০৫.	স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা সংশ্লিষ্ট দপ্তরের ওয়েবসাইটে প্রকাশ	তথ্য অধিকার আইন বাস্তবায়নের নিমিত্ত জনসাধারণকে সঠিকভাবে তথ্য প্রদান, তথ্য অধিকার আইন সম্পর্কিত সকল কার্যক্রমে আন্তরিক হওয়া এবং জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে তথ্য অধিকার আইন বিষয়ক জেলার সকল দপ্তর প্রধানগণের সমন্বয়ে প্রশিক্ষণের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য সচিব, তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা উপদেষ্টা কমিটি

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহগীর আলম  
জেলাপ্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০২৬.০৬.০০১.২২.৬০

তারিখ: ১১ বৈশাখ ১৪৩০

২৪ এপ্রিল ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ৩) সচিব (রুটিন দায়িত্ব), সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ৪) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
- ৫) সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া।
- ৬) অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৭) উপপরিচালক, ..... ব্রাহ্মণবাড়িয়া।
- ৮) জেলা....., কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া

৯) উপজেলা নির্বাহী অফিসার, .....(সকল), ব্রাহ্মণবাড়িয়া।

১০) জনাব....., সদস্য, তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটি, ব্রাহ্মণবাড়িয়া।

১১) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।

১২) অফিস কপি।



মোঃ শাহগীর আলম  
জেলাপ্রশাসক